

# ‘শিক্ষার মূল ভিত্তি প্রাথমিক শিক্ষা কারিগর শিক্ষক’

সংবাদ : | প্রতিনিধি, কাপাসিয়া (গাজীপুর)

| ঢাকা, সোমবার, ২২ অক্টোবর ২০১৮

কাপাসিয়া  
উপজেলার  
প্রাথমিক শিক্ষার  
গুরুত্ব ও  
মানোন্নয়নে  
শিক্ষক,  
অভিভাবক,  
পরিচালনা পরিষদ  
সদস্যদের সাথে  
মতবিনিময় সভা  
অনুষ্ঠিত হয়েছে।



কাপাসিয়া (গাজীপুর) : শিক্ষকদের  
মতবিনিময় সভায় বক্তৃত্তা করেন সিমিন  
হোসেন রিমি এমপি -সংবাদ

এ সময় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামীলীগ কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সদস্য ও সংস্কৃতি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি সিমিন হোসেন রিমি এমপি। গত শনিবার বিকালে তরগাঁও রূপনগর পালকি কমিউনিটি সেন্টারে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। রিমি এমপি বলেন, শিক্ষার মূল ভিত্তি হলো প্রাথমিক শিক্ষা। সেই ভিত্তিকে মজবুত করার কারিগর শিক্ষক। বাবা মার পরে শিক্ষকই শিশুদের অভিভাবক। বঙ্গবন্ধুর সোনার বাংলা

গড়তে সোনার মানুষ চাই, সোনার মানুষ তেরার কারিগর হচ্ছে শিক্ষক। মানবিক ও মানসিক গুণাবলীর নিয়ে শিশুদের গড়ে তুলতে হবে। শিশুদের খেলাধুলা ও বৃক্ষ রোপন করে আনন্দের মাঝে বড় করে তুলতে হবে। তাই প্রতিটি বিদ্যালয়ে শিশুদের দিয়ে বাগান তৈরি করতে হবে। এ সময় উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার মোছাঃ ইসমত আরা, উপজেলা আওয়ামীলীগ সভাপতি মুহম্মদ শহীদুল্লাহ, শিল্পপতি মোস্তাক হোসেন, উপজেলা আওয়ামীলীগ ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক মিজানুর রহমান প্রধান, উপজেলা শিক্ষা অফিসার মোঃ মাহবুবুর রহমান প্রমুখ।